‘বউকে সন্দেহ করেন অপূর্ব’

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: কিছুদিন হয়েছে তূর্য নাবিলার বিয়ে হয়েছে। সদ্য সংসার পেতেছে তারা, নাবিলা টুকটাক করে গুছিয়ে নিচ্ছে সংসার। তূর্য একটা প্রাইভেট কোম্পানিতে জব করে, কর্পোরেট জব। সব ঠিকঠাকই চলছে কিন্তু অসম্ভব চিন্তা নাবিলাকে নিয়ে। কারন আর কিছুই না ’সন্দেহ’। নাবিলা অসম্ভব সুন্দর একটা মেয়ে যে কারনে সব সময় তটস্থ থাকে তূর্য। নাবিলা সুশিক্ষিত থাকা সত্বেও তাকে জব করতে দেয় না। এদিকে বাসায় একা রেখে তূর্য অফিসে সারাটাক্ষণ ভয়ে ভয়ে থাকে। নানান উল্টাপাল্টা চিন্তা করে বসে বসে। নাবিলা বিষয়টা বুঝতে পারে কিন্তু এটাকে তূর্যের ভালবাসা ভেবে সহ্য করে যায় কিন্তু দিন দিন এর মাত্রা বাড়তেই থাকে। প্রতিটা পদক্ষেপে সন্দেহের দৃষ্টিতে রাখে তূর্য।

বউকে সন্দেহের এমন গল্প নিয়েই নির্মিত হয়েছে নাটক ‘নাটকীয় উপসংহার’। এতে তূর্য চরিত্রে অভিনয় করেছেন জনপ্রিয় অভিনেতা অপূর্ব। তার স্ত্রী নাবিলা চরিত্রে রয়েছেন নাদিয়া।

সম্প্রতি পূজা উপলক্ষে ফ্যাক্টর থ্রি সলিউশন পরিবেশিত সেভেন টিউন এন্টারটেনমেন্ট প্রযোজিত রিফাত আদনান পাপনের গল্পে নির্মাতা নাজমুল রনি নির্মাণ করেন পূজার বিশেষ এ নাটকটি। এতে আরও অভিনয় করেছেন আফজাল কবির, ইশা, তন্নী, আশরাফুল আলম সোহাগ প্রমূখ। ৮ অক্টোবর রাত ১০ টায় এশিয়ান টিভিতে নাটকটি প্রচার হবে বলে জানান রনি।

নিউজবিডি৭১/আ/অক্টোবর ১১, ২০১৮